গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র পরিদপ্তর
বিটিএমসি ভবন (৬ষ্ঠ তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

নং-২৪.০২.০০০০.০০১.১১.০০১.১৬-৬৯৯

তারিখ: ০৪ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ
১৮ মে ২০১৭ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বস্ত্র পরিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা ও এর আওতাধীন বিভিন্ন কার্যালয় এবং শিক্ষা প্রতিষ্ঠান সমূহ এর জন্য নিম্নলিখিত রাজস্ব খাতভুক্ত সরাসরি পূরণযোগ্য স্থায়ী ও অস্থায়ী শূণ্য পদের বিপরীতে বিধি মোতাবেক অস্থায়ীভাবে জনবল নিয়োগের লক্ষ্যে নিম্নলিখিত শর্তাধীনে আগ্রহী স্থায়ী বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

ক্রঃ নং	পদের নাম, বেতন স্কেল, ২০১৫ ও গ্রেড	পদের সংখ্যা ও প্রকৃতি	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে জেলার প্রকৃত স্থায়ী নাগরিকগণ আবেদন করতে পারবেন
১	ক্যাশিয়ার ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪)	৩ (তিন) অস্থায়ী	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় বাণিজ্যে গ্রুপে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী; এবং (খ) অফিসের হিসাব সংক্রান্ত কাজে অনুন্যন ২(দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতাসহ কম্পিউটার চালনায় বাস্তব জ্ঞান।	ঢাকা, কিশোরগঞ্জ, গাজীপুর, শরিয়তপুর, মানিকগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, নারায়নগঞ্জ, নরসিংদী, শেরপুর, নেত্রকোণা, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, চট্রগ্রাম, কুমিল্লা, লক্ষীপুর, ফেনী, নোয়াখালী, কক্সবাজার, ঠাকুরগাও, সিরাজগঞ্জ, জয়পুরহাট, চাঁপাইনবাবগঞ্জ, কুড়িগ্রাম, লালমনিরহাট, রাজশাহী, রংপুর, বগুড়া, নীলফামারী, নওগাঁ, ঝিনাইদহ, চুয়াডাঙ্গা, সাতক্ষীরা, খুলনা, মেহেরপুর, সিলেট, হবিগঞ্জ, সুনামগঞ্জ, মৌলভী বাজার।
২	টেকনিক্যাল এ্যাসিস্ট্যান্ট ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬	৮ (আট) স্থায়ী	কোন স্বীকৃত ইন্সটিটিউট হইতে প্রথম বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) টেক্সটাইল কোর্স পাস।	
৪	ইলেক্ট্রিসিয়ান ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬	১(এক) স্থায়ী	কোন স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত ইন্সটিটিউট হতে ইলেকট্রিক্যালে ট্রেড কোর্স পাশ এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতাসহ ট্রেড সার্টিফিকেট ও বৈধ ইলেকট্রিশিয়ান লাইসেন্সধারী।	
৫	ম্যাকানিক্স ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬	১(এক) অস্থায়ী	কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং ম্যাকানিক্যাল ট্রেড পাশ সহ ৫(পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা।	
৬	অফিস সহকারি কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬	১১ (এগার) স্থায়ী	উচ্চমাধ্যমিক বা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং প্রতি মিনিটে কম্পিউটার কম্পোজে গতি বাংলায় ২০ এবং ইংরেজীতে ২৮ শব্দ।	
৭	হিসাব সহকারি ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬	৫ (পাচ) স্থায়ী-৪ অস্থায়ী-১	কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে ব্যবসায় বাণিজ্য গ্রুপে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সহ কম্পিউটার চালনায় বাস্তব জ্ঞান।	
৮	হিসাব সহকারি কাম ক্যাশিয়ার ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬	২ (দুই) স্থায়ী	কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে ব্যবসায় বাণিজ্য বিভাগে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	

আবেদনের ক্ষেত্রে নিমোক্ত শর্তাবলী প্রযোজ্য হবে

১. আবেদনপত্র আগামী ১৫/৬/২০১৭ তারিখ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে **"পরিচালক,বস্ত্র পরিদপ্তর, বিটিএমসি ভবন (৬ষ্ঠ তলা) ৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫"** এর নিকট ডাকযোগে পৌছাতে হবে। সরাসরি কোন আবে দন গ্রহণ করা হবে না। উক্ত তারিখ ও সময়ের পর কোন অবস্থাতেই আবেদন গ্রহণযোগ্য হবে না। **খামের উপরে আবেদনকৃত পদের নাম, নিজ জেলা ও বিশেষ কোটা (যদি থাকে) উল্লেখ করতে হবে।** আবেদনপত্রের নির্ধারিত স্থানে ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি আঠা দিয়ে লাগিয়ে দিতে হবে এবং অতিরিক্ত ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করে দিতে হবে।

২. বস্ত্র পরিদপ্তরের ওয়েব সাইট (www.dot.gov.bd) নোটিশ বোর্ড হতে ডাউনলোড করে জনপ্রশাসনের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে এবং উক্ত ওয়েবসাইট হতে প্রবেশপত্রের নমুনা ডাউনলোড করে পুরণ করত : আবেদন পত্রের সাথে অবশ্যই প্রেরণ করতে হবে (ফটোকপি গ্রহণযোগ্য)।

৩. আবেদনপত্রের সাথে প্রার্থীকে অবশ্যই সকল শিক্ষাগতযোগ্যতা , অভিজ্ঞতা, নাগরিকত্ব, চারিত্রিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন এবং সকল প্রকার প্রশিক্ষ ণের সনদপত্রসমূহের ফটোকপি প্রথম শ্রে ণীর গেজেটেড সরকারি কর্মকর্তা নামযুক্ত সীল ব্যবহারপূর্বক সত্যায়িত করে ষ্ট্যাপলার দিয়ে সংযুক্ত করতে হবে এবং প্রদত্ত প্রবেশপত্রের নমুনা অনুসারে যথাযথভাবে দুইটি প্রবেশপত্র পূরণ পূর্বক ০২(দুই) কপির নির্ধারিত অংশে পাসপোর্ট সাইজের ছবি আঠা দিয়ে সংযুক্ত করতে হবে।

৪. প্রবেশপত্র প্রেরণের জন্য প্রাপকের ঠিকানা লিপিবদ্ধসহ ৬/- টাকার ডাকটিকিট সংযুক্ত একটি ১০.৫″×৪.৫″ সাইজের ফেরত খাম সংযুক্ত করতে হবে।

৫. এতিম/মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/আনসার গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য ও সাধারণ প্রার্থীদের সরকারী সার্কুলার মোতাবেক কোটা অনুসরণ করা হবে।

৬. এতিমখানা নিবাসী ও শারিরীক প্রতিবন্ধীরা সকল জেলা থেকে আবেদন করতে পারবেন। শারিরীক প্রতিবন্ধীদের সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৭. ১৫/৬/২০১৭ইং তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বৎসর এর মধ্যে হতে হবে। তবে শারীরিক প্রতিবন্ধী ও মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র -কন্যাদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদে র নাতী/নাতনীদের ক্ষেত্রে বয়সসীমা ৩০ (ত্রিশ) বৎসর।

৮. মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র -কন্যা ক্ষেত্রে প্রমাণক হিসেবে মুক্তিযোদ্ধার সরকারি গেজেট , মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদ ও জেলা /উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল কর্তৃক প্রত্যায়ন পত্রের ফটোকপি সত্যায়ন করে দাখিল করতে হবে। এছাড়া মুক্তিযোদ্ধাদের পুত্র -কন্যার পুত্র -কন্যাদের ক্ষেত্রে উল্লেখিত কাগজপত্রাদি সহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান /সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর ও পৌর মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রার্থীর সংগে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সম্পর্ক সম্পর্কিত প্রত্যায়ন পত্র ও প্রার্থীর পিতা-মাতার জাতীয় পরিচয় পত্রের ফটোকপি সত্যায়ন করে দাখিল করতে হবে।

৯. বিজ্ঞপ্তিকৃত সকল পদের জন্য ১০০/- টাকা মূল্যের পোস্টাল অর্ডার পরিচালক, বস্ত্র পরিদপ্তর, ঢাকা এর অনুকূলে আবেদনের সাথে দাখিল করতে হবে (ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ও চালান কপি গ্রহণযোগ্য নহে)।

১০. ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত দরখাস্ত/একই খামে একাধিক আবেদন/আবেদনের গায়ে কোন প্রকার সুপারিশ থাকলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে। এছাড়া একজন প্রার্থী কেবলমাত্র একটি পদেই আবেদন করতে পারবেন।

১১. সরকারি, আধাসরকারি ও স্বায়ত্বশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্দিষ্ট তারিখের মধ্যে আবেদন করতে হবে। এক্ষেত্রে অগ্রিম কপি গ্রহণযোগ্য নহে।

১২. প্রার্থী নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন প্রকার ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।

১৩. এই বিজ্ঞপ্তিতে জারীকৃত নিয়োগতব্য পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি, নিয়োগ প্রদান বা নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার সমূদয় ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৪. নিয়োগপ্রাপ্তগণ ডাক্তারী পরীক্ষায় অযোগ্য ঘোষিত হলে নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

১৫. ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় সকল মূল সনদপত্র প্রদর্শন করতে হবে।

১৬. লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভ্রমন বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।

স্বাক্ষরিত/-

(লায়লা ইয়াফির)
উপ-পরিচালক (প্রশাসন)
ফোন : ৮১৮৯৪৫১

চাকরির আবেদন ফরম

৫×৫ সে.মি.
ছবি
(সম্প্রতি তোলা, ০২ (দুই) কপি)

১.	পদের নাম:						
২.	বিজ্ঞপ্তি নম্বর:			তারিখ:	দিন	মাস	বৎসর
৩.	প্রার্থীর নাম:	বাংলায়:					
		ইংরেজীতে (বড় অক্ষরে):					
৪.	জাতীয় পরিচয় পত্র নম্বর:						যে কোন একটি
	জন্ম নিবন্ধন নম্বর:						
৫.	জন্ম তারিখ:			৬. জন্মস্থান (জেলা):			
৭.	বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখে প্রার্থীর বয়স:	বছর		মাস		দিন	
৮.	মাতার নাম:						
৯.	পিতার নাম:						

	ঠিকানা:	বর্তমান	স্থায়ী
১০.	বাসা/সড়ক		
	(নাম/নম্বর):		
	গ্রাম/পাড়া/মহল্লা:		
	ইউনিয়ন/ওয়ার্ড:		
	ডাকঘর:		
	পোস্টকোড নম্বর:		
	থানা:		
	জেলা:		

১১.	যোগাযোগ:	মোবাইল/টেলিফোন নম্বর:	ই-মেইল (যদি থাকে):
১২.	জাতীয়তা:	১৩.	জেন্ডার:
১৪.	ধর্ম:	১৫.	পেশা:

১৬. শিক্ষাগত যোগ্যতা

পরীক্ষার নাম	বিষয়	শিক্ষা প্রতিষ্ঠান	পাসের সন	বোর্ড/বিশ্ববিদ্যালয়	গ্রেড/শ্রেণী/ বিভাগ

১৭.	অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে):			
১৮.	অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে):			
১৯.	কোটা (টিক দিন):	মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা		এতিম/শারীরিক প্রতিবন্ধী
		ক্ষুদ্র নৃ-গোষ্ঠী	আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য	অন্যান্য (উল্লেখ করুন):
২০.	চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর:	তারিখ:	দিন / মাস	বৎসর
২১.	বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন):	হ্যাঁ	না	প্রযোজ্য নয়

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলী সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লেখিত তথ্য প্রমানের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখ:	দিন	মাস	বৎসর

প্রার্থীর স্বাক্ষর

৫ X ৫ সে.মি.
০১ কপি ছবি
আঠা দিয়ে
লাগাতে হবে।

প্রবেশ পত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র পরিদপ্তর
বিটিএমসি ভবন (৬ষ্ঠ তলা)
৭-৯ কাওরান বাজার, ঢাকা-১২১৫।

(অফিস কর্তৃক পূরণীয়)

রোল নম্বর : ....

পরীক্ষা কেন্দ্রের নাম : ....

পরীক্ষার তারিখ : ....

পরীক্ষার সময় : ....

(প্রার্থী কর্তৃক পুরণীয়)

পদের নাম. ....

প্রার্থীর নাম. ....

পিতা/স্বামীর নাম. ....

নিজ জেলার নাম. ....

স্থায়ী/বর্তমান ঠিকানা. ....

....

....

১। পরীক্ষার কেন্দ্রে প্রবেশের সময় প্রবেশপত্রটি প্রদর্শন করতে হবে।

২। মোবাইল ফোন, ক্যালকুলেটর ও কোন ইলেক্ট্রনিক্স সামগ্রি নিয়ে পরীক্ষার হলে প্রবেশ করা যাবে না।

৩। পরীক্ষা শুরুর ১৫ মিনিট পূর্বে নির্ধারিত আসন গ্রহণ করতে হবে।

৪। প্রয়োজনীয় কলম, পেন্সিল ইত্যাদি পরীক্ষার্থীকে সাথে আনতে হবে।

৫। প্রবেশপত্র ছাড়া কোন কাগজপত্র পরীক্ষার্থীর নিকট পাওয়া গেলে তাঁকে পরীক্ষায় অংশগ্রহণ হতে বিরত রাখা হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের এ প্রবেশপত্রই পরবর্তী ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার প্রবেশপত্র হিসেবে বিবেচিত হবে, নতুন করে আর কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না।

স্বাক্ষরিত/-
(লায়লা ইয়াফির)
উপ-পরিচালক (প্রশাসন)
(চলতি দায়িত্ব)
পরিচালক, বস্ত্র পরিদপ্তরের পক্ষে।

বি. দ্র. এ প্রবেশপত্রের দুই কপি যথাযথভাবে পূরণপূর্বক আবশ্যিকভাবে আবেদনপত্রের সাথে প্রেরণ করতে হবে।